যুগান্তর

আবরার হত্যার প্রতিবাদে সারা দেশে বিক্ষোভ

# নিরাপদ ক্যাম্পাস দাবি

মহাসড়ক অবরোধ * বিভিন্ন স্থানে পুলিশের বাধা

প্রকাশ : ১০ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

যুগান্তর ডেস্ক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্র আবরার ফাহাদ হত্যার প্রতিবাদ ও বিচার দাবিতে বুধবারও সারা দেশ বিক্ষোভ মিছিল, মানববন্ধনসহ নানা কর্মসূচি পালন করা হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের মিছিলে হামলা করে ছাত্রলীগ। এতে পাঁচজন আহত হয়। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের বিক্ষোভ সমাবেশে ধাওয়া দেয় ছাত্রলীগ। বগুড়ায় শিক্ষার্থীদের আন্দোলনে একাত্মতা ঘোষণা করে সমাবেশে বক্তব্য দিয়েছে ছাত্রলীগ নেতারা। ইসলামী বিশ্ববিদ্যালয় ও মানিকগঞ্জ শহরে বিক্ষোভ ও মোমবাতি প্রজ্বলন করা হয়েছে। রাজশাহী, রংপুর, বরিশাল, ফরিদপুর, গাইবান্ধা ও সুনামগঞ্জে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আবরার হত্যা ও খালেদা জিয়ার মুক্তি দাবিতে ছাত্রদলের কর্মসূচিতে বাধা দিয়েছে পুলিশ। এ ছাড়া জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, সিলেট, সাভার, নাটোর, দিনাজপুর, যশোর, জয়পুরহাট, নারায়ণগঞ্জ, পাবনা, মাগুরা, হবিগঞ্জের চুনারুঘাট, জামালপুর, টাঙ্গাইল, বরগুনা, লক্ষ্মীপুর, চাঁদপুরের হাজীগঞ্জ, মৌলভীবাজার, ভোলা, নওগাঁ, ঠাকুরগাঁও ও মুন্সীগঞ্জে বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে। এসব কর্মসূচি থেকে আবরার হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা, আবরারের পরিবারকে সরকার ও বুয়েট থেকে ক্ষতিপূরণ ও আইনি সহায়তায় অর্থ সহায়তা দেয়া, ছাত্রলীগকে নিষিদ্ধ করা, বিশ্ববিদ্যালয় হলগুলোতে টর্চারসেল নামে গজবখানা উচ্ছেদ, প্রতিটি বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাস ও মাদকমুক্ত করে শিক্ষার্থীদের নিরাপদ আশ্রয়স্থল গড়া ও যেসব বিশ্ববিদ্যালয়ের ভিসির বিরুদ্ধে অভিযোগ উঠেছে সেগুলো ক্ষতিয়ে দেখার আহ্বান জানানো হয়। যুগান্তর রিপোর্ট, ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর-

রাজশাহী : নগরীর ভুবন মোহন পার্ক এলাকায় বিএনপি কার্যালয়ের সামনে থেকে বিক্ষোভ মিছিল বের করে জেলা ও মহানগর ছাত্রদল। এতে বাধা দেয় পুলিশ। পরে ছাত্রদলের নেতাকর্মীরা বিএনপি কার্যালয়ের পাশে রাস্তায় বসে স্লোগান দিতে থাকেন। এ সময় উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম জনি, মহানগর ছাত্রদলের সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম রবি, সহসভাপতি মাসুদুল হক মৃধা, ইফতেখার জিমমু, রনি আহম্মেদ সুমন, যুগ্ম সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম প্রমুখ।

এ ছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে ‘সন্ত্রাস ও দুর্নীতির বিরুদ্ধে রাবি’ এমন ব্যানারে মানববন্ধন কর্মসূচি পালিত হয়। পরে সেখান থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়।

চট্টগ্রাম ও চবি : সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ চট্টগ্রাম শাখার ব্যানারে প্রেস ক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। মানববন্ধন শেষে বের করা হয় কালো পতাকা মিছিল। নগরীর ষোলশহর রেলস্টেশন এলাকায় বিক্ষোভ করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রদল। নেতৃত্ব দেন চবি ছাত্রদলের সিনিয়র সহসভাপতি আবদুল কাইয়ুম। নিউমার্কেট মোড়ে ছাত্র ইউনিয়ন প্রতিবাদ সমাবেশ করে। সমাবেশ শেষে বিক্ষোভ মিছিল বের করা হয়। বৃষ্টি উপেক্ষা করে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হল থেকে এ বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে খালেদা জিয়া হল ও প্রীতিলতা হল প্রদক্ষিণ করে শহীদ মিনারে এসে শেষ হয়। বিশ্ববিদ্যালয়ের জিরো পয়েন্টে দ্বিতীয় দফা বিক্ষোভ করেন শিক্ষার্থীরা।

ইবি : ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শাখা ছাত্র ইউনিয়ন ও ছাত্র মৈত্রীর যৌথ আয়োজনে বুধবার রাত ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে এ মোমবাতি প্রজ্বালন কর্মসূচি পালন করে। এর আগে সন্ধ্যা ৭টার দিকে প্রগতিশীল ছাত্র সমাজের ব্যানারে ক্যাম্পাসের জিয়া মোড় থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন হল, টিএসসিসি, ডায়না চত্বর ও মৃত্যুঞ্জয়ী মুজিব হয়ে শহীদ মিনারে সমবেত হয়। সেখানে মোমবাতি প্রজ্বালন কর্মসূচি ও সংক্ষিপ্ত সমাবেশ করেন তারা। পরে

ফাহাদের আত্মার মাগফিরাত কামনায় ১ মিনিট নীরবতা পালন করেন নেতাকর্মীরা। এছাড়া শিক্ষার্থীদের কর্মসূচিতে বাধা ও হুমকির অভিযোগে ইবি থানার ওসিকে ২৪ ঘণ্টার আলটিমেটাম দেয়ার পরও নিঃশর্ত ক্ষমা ও প্রত্যাহার না করায় ক্যাম্পাস খোলার পর শিক্ষার্থীদের নিয়ে কঠোর কর্মসূচি দেয়া হবে বলে হুশিয়ারি দেন বক্তারা।

বগুড়া : শহরের সাতমাথায় প্রগতিশীল ছাত্র সমাজ, জাসদ ছাত্রলীগ ও সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে পৃথকভাবে মানববন্ধন করা হয়েছে। সাধারণ শিক্ষার্থীদের কর্মসূচিতে জেলা ছাত্রলীগের নেতাকর্মীরা একাত্মতা ঘোষণা করে বক্তব্য দেন। সাধারণ শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল বের করার চেষ্টা করলে পুলিশ তাদের বাধা দেয়।

ফরিদপুর : প্রধান ডাকঘরের সামনে থেকে বিক্ষোভ মিছিল বের করে ছাত্রদল। পরে প্রেস ক্লাবের সামনে পুলিশি বাধায় মিছিলটি পণ্ড হয়ে যায়। পরে পুলিশি বাধার মধ্যে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। মহানগর ছাত্রদলের সভাপতি শাহরিয়ার শিথিলের সভাপতিত্বে বক্তব্য দেন জেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক একেএম কিবরিয়া স্বপন, শহর বিএনপির সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা মিরাজ প্রমুখ।

সুনামগঞ্জ : জেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে জেলা ছাত্রদলের সভাপতি রায়হান উদ্দিনের নেতৃত্বে বিক্ষোভ মিছিল বের করলে খামার খাল সড়কের সামনে পুলিশ তাদের বাধা দেয়। পরে সেখানেই প্রতিবাদ সমাবেশ করেন নেতাকর্মীরা। একই ইস্যুতে সংগঠনের সিনিয়র সহসভাপতি আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক আবদুল কাদির সোহাগের নেতৃত্বে বিক্ষোভ মিছিল ও সমাবেশ ক?রে নেতাকর্মীরা। শহরের কাজির পয়েন্ট থেকে বিক্ষোভ শুরু হয়ে ট্রাফিক পয়েন্ট যাওয়ার পথে উকিল পাড়ায় পুলিশের বাধার মুখে পড়ে। পরে সেখানে সমাবেশ করেন নেতাকর্মীরা।

গাইবান্ধা : দলীয় কার্যালয়ের সামনে থেকে জেলা ছাত্রদল বিক্ষোভ মিছিল বের করে। এ সময় পুলিশ মিছিলে বাধা দেয়। পরে তারা দলীয় কার্যালয়ের সামনে বিক্ষোভ সমাবেশে মিলিত হয়। এতে জেলা ছাত্রদলের সভাপতি খন্দকার জাকারিয়া আলম জীমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি খন্দকার আহাদ আহমেদ।

বরিশাল : নগরীর সদর রোডে বিএনপি কার্যালয়ের সামনে সমাবেশ শেষে ছাত্রদল বিক্ষোভ মিছিল বের করলে পুলিশ তাদের বাধা দেয়। কিছু সময় ধাক্কাধাক্কি হওয়ার পর ছাত্রনেতারা বসে পড়ে বিক্ষোভ করেন। এর আগে দলীয় কার্যালয়ের সামনে মহানগর ছাত্রদল সভাপতি রেজাউল কবীর রনির সভাপতিত্বে বক্তব্য দেন সাধারণ সম্পাদক হুমাউন কবীর, সিনিয়র সহসভাপতি তরিকুল ইসলাম তরিক প্রমুখ।

সিলেট : জেলা ও মহানগর ছাত্রদলের বিক্ষোভ মিছিল পুলিশি বাধায় পড়ে। মিছিল নিয়ে তারা রিকাবীবাজার গিয়ে সমাবেশ করে। ইসলামী ছাত্র মজলিস নগরীর তালতলা পয়েন্ট থেকে বিক্ষোভ মিছিল বের করে। এ ছাড়া নগরীতে মিছিল সমাবেশ করে ইসলামী ছাত্রশিবির।

রংপুর : নগরীর প্রেস ক্লাব চত্বরে আমরাই পাশে-রংপুর ফেসবুক গ্রুপের আয়োজনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ ছাড়া নগরীর কাচারিবাজার বঙ্গবন্ধুর ম্যুরাল চত্বরে বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা মানববন্ধন ও সমাবেশ করে। গ্র্যান্ড হোটেল মোড়ে জেলা ও মহানগর ছাত্রদলের বিক্ষোভ সমাবেশে বাধা দেয় পুলিশ। পরে পার্টি অফিসের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সাভার : সচেতন ছাত্র সমাজের ব্যানারে ঢাকা-আরিচা মহাসড়কের সাভার বাসস্ট্যান্ডে সড়ক অবরোধ করে বিক্ষোভ করে শিক্ষার্থীরা। এতে ওই সড়কে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। এর আগে সাভার সিটি সেন্টারের সামনে ৩ দফা দাবিতে মানববন্ধন করেন শিক্ষার্থীরা।

নাটোর : শহরের বনলতা পেট্রল পাম্প এলাকা থেকে জেলা ছাত্রদলের সভাপতি কামরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মারুফ ইসলাম সৃজনের নেতৃত্বে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি নাটোর নবাব সিরাজ-উদ-দৌলা সরকারি কলেজের কাছে এসে শেষ হয়।

দিনাজপুর : দিনাজপুর প্রেস ক্লাবের সামনে নাগরিক সমাজ ও সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ মানববন্ধন করা হয়। এতে বক্তব্য দেন নাগরিক উদ্যোগের আহ্বায়ক আবুল কালাম আজাদ, শিক্ষাবিদ সফিকুল ইসলাম, নাট্যকার তারেকুজ্জামান তারেক, মহিলা পরিষদের ড. মারুফা বেগম প্রমুখ।

যশোর : জেলা বিএনপি কার্যালয়ের সামনে মানববন্ধন ও সমাবেশ করেছে ছাত্রদল। জেলা ছাত্রদলের সভাপতি রাজেদুর রহমান সাগরের সভাপতিত্বে সভায় বিএনপির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত, জেলা বিএনপির সদস্য সচিব সৈয়দ সাবেরুল হক সাবু, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক কামরুজ্জামান বাপ্পি বক্তব্য দেন।

জয়পুরহাট : জেলা প্রগতিশীল ছাত্রসমাজের উদ্যোগে জয়পুরহাট সুগার মিলস সড়কের দলীয় কার্যালয় থেকে বিক্ষোভ মিছিল বের হয়। পরে শহরের জিরো পয়েন্টে জয়পুরহাট কেন্দ্রীয় জামে মসজিদ চত্বরে মানববন্ধন কর্মসূচি পালন করে।

নারায়ণগঞ্জ : নারায়ণগঞ্জ প্রেস ক্লাব চত্বরে বিক্ষোভ সমাবেশ করেছে জেলা ও মহানগর ছাত্রদল। সভাপতিত্ব করেন মহানগর ছাত্রদল সভাপতি শাহেদ আহমেদ। প্রধান অতিথি ছিলেন জেলা ছাত্রদল সভাপতি মশিউর রহমান রনি।

পাবনা : শহরের বাংলাদেশ ঈদগাহ মাঠ থেকে মিছিল বের করে ছাত্রদল। মিছিল শেষে জেলা বিএনপি কার্যালয়ে পথসভা করা হয়। বক্তব্য দেন জেলা ছাত্রদল সভাপতি আমিনুল ইসলাম, সহসভাপতি কমল শেখ টিটু প্রমুখ।

মাগুরা : মাগুরা সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ থেকে ছাত্রদল বিক্ষোভ মিছিল বের করে। পরে শহরের ভায়নার মোড়ে তারা সমাবেশ করে। বক্তব্য দেন জেলা ছাত্রদল সভাপতি আবদুর রহিম, সাধারণ সম্পাদক আবু তাহের সবুজ প্রমুখ।

চুনারুঘাট (হবিগঞ্জ) : চুনারুঘাটের আমুরোড বাজারে সচেতন নাগরিকবৃন্দের ব্যানারে মানববন্ধন হয়েছে। হবিগঞ্জ জেলা ছাত্র ইউনিয়নের যুগ্ম আহ্বায়ক প্রণব কুমার দেবের সভাপতিত্বে ও সিলেট মহানগর ছাত্র ইউনিয়নের শিক্ষা ও গবেষণাবিষয়ক সম্পাদক নাহিদ হাসান প্রান্তিকের পরিচালনায় বক্তব্য দেন সাইফুর রাব্বি, নিপু ভৌমিক, শাহ আলম, মো. মুকিত মিয়া প্রমুখ।

জামালপুর : জেলা বিএনপির কার্যালয়ের সামনে ছাত্রদলের বিক্ষোভ মিছিল ও সমাবেশে বক্তব্য দেন বিএনপির ময়মনসিংহ বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক শাহ মো. ওয়ারেছ আলী মামুন, জেলা বিএনপি নেতা আনিসুর রহমান বিপ্লব, রুহুল আমীন মিলন, শাহ মো. আবদুল্লাহ আল মাসুদ ও জেলা ছাত্রদলের সভাপতি সোহেল রানা খান।

টাঙ্গাইল : টাঙ্গাইল ভিক্টোরিয়া রোডে বিএনপি কার্যালয়ের সামনে ছাত্রদলের সমাবেশে বক্তব্য দেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক ফরহাদ ইকবাল, জেলা ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি সালে মোহাম্মদ সাফি ইথেন, সাধারণ সম্পাদক নুরুল ইসলাম প্রমুখ। একই দাবিতে জেলা ছাত্রদলের বিদ্রোহী পক্ষ শহরে বিক্ষোভ মিছিল করে।

বরগুনা : বরগুনা সদর রোড প্রেস ক্লাব চত্বরে মানববন্ধন করেছেন সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের নেতারা। এতে বক্তব্য দেন বরগুনা সরকারি কলেজের সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভাপতি সাইদুর সিকদার, কলেজ শাখার সাধারণ সম্পাদক দ্বীপ জয় চক্রবর্তী, ছাত্রনেতা সাইফুল ইসলাম, মিলা প্রমুখ।

লক্ষ্মীপুর : জেলা ছাত্রদল শহরের চকবাজার থেকে বিক্ষোভ মিছিল শুরু করে ঝর্ণা ফার্মেসি এলাকায় গিয়ে সমাবেশে মিলিত হয়। উপস্থিত ছিলেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক সৈয়দ রশিদুল হাসান লিংকন, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক হারুনুর রশিদ প্রমুখ।

হাজীগঞ্জ (চাঁদপুর) : বিক্ষোভ মিছিল নিয়ে গিয়ে হাজীগঞ্জে বিশ্বরোড চৌরাস্তায় মিলিত হয়। এ সময় ইসলামী ছাত্রসেনা হাজীগঞ্জ উপজেলা শাখার সভাপতি হাফেজ খোরশেদ আলমের সভাপতিত্বে বক্তব্য দেন ইসলামিক ফ্রন্ট ও ইসলামী ছাত্রসেনার নেতারা।

মৌলভীবাজার : শহরের শাহী মহল কমিউনিটি সেন্টারের সামনে থেকে ছাত্রদল বিক্ষোভ মিছিল শুরু করে চৌমুহনী পয়েন্টে সমাবেশে মিলিত হয়। এ ছাড়া পৃথকভাবে চৌমুহনী চত্বরে প্রগতিশীল ছাত্রজোট মৌলভীবাজার জেলা সংসদের উদ্যোগে মানববন্ধন ও সমাবেশ করা হয়।

ভোলা : ভোলা প্রেস ক্লাবের সামনে মানববন্ধন ও সমাবেশ করেন ভোলা ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের নেতারা। সদর রোডে মানববন্ধন ও সমাবেশ করে ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন।

নওগাঁ : শহরের মুক্তির মোড় থেকে জেলা ছাত্রদল বিক্ষোভ মিছিল বের করে কেডির মোড় বিএনপি কার্যালয়ে গিয়ে শেষ হয়। নেতৃত্ব দেন জেলা সভাপতি রুবেল হোসেন। উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক রফিকুল ইসলাম, সদস্য শহিদুল ইসলাম টুকু, ভিপি খোকন, আবদুস শুকুর প্রমুখ।

ঠাকুরগাঁও : শহরের চৌরাস্তার মোড়ে প্রগতিশীল ছাত্র জোটের মানববন্ধনে বক্তব্য দেন বাসদ নেতা মাহাবুব আলম রুবেল, ছাত্র ইউনিয়নের সভাপতি আবু বক্কর সিদ্দিক, সাবেক ছাত্র নেতা রেজওয়ানুল হক রিজু প্রমুখ।

মুন্সীগঞ্জ : মুন্সীগঞ্জ প্রেস ক্লাবের সামনে ছাত্র-জনতা ও ন্যাশনাল হিউম্যান রাইটস ক্রাইম রিপোর্টার্সের আয়োজনে মানববন্ধন হয়। মানববন্ধনের সমন্বয়ক আরাফাত রায়হান সাকিবের পরিচালনায় ও জাহাঙ্গীর আলমের তত্ত্বাবধানে কর্মসূচিতে বক্তব্য দেন সচেতন নাগরিক কমিটির সহসভাপতি সাত্তার মুন্সী, প্রভাষক মো. আশরাফ প্রমুখ।

মানিকগঞ্জ : শহরের শহীদ রফিক মঞ্চে মোমবাতি প্রজ্বালন এবং তার হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেছেন সাধারণ শিক্ষার্থীরা।

কর্মসূচি শেষে শিক্ষার্থীদের পক্ষ থেকে শুভ ইয়েন খান, এমআর লিটন, মহিদুল ইসলাম ও ফজলে শাহীদ মনন এক যুক্ত বিবৃতিতে আবরার হত্যার ঘটনায় তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : **সাইফুল আলম**, প্রকাশক : **সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।